PRAYER
316

# আমি কিভাবে প্রার্থনা করব?

**আমি ঈশ্বরের সঙ্গে কিভাবে কথা বলব?** প্রার্থনা করা হল ঈশ্বরের সঙ্গে কথা বলা। বাইবেল হলযার মাধ্যমে ঈশ্বর আমাদের সঙ্গে কথা বলে থাকেন। প্রার্থনা করা সম্পর্কে বাইবেল আমাদের কি শিক্ষা দেয় সেগুলি শিখুন। *"এক সময়ে তিনি* [যীশু] *কোন স্থানে প্রার্থনা করিতেছিলেন; যখন শেষ করিলেন, তাঁহার শিষ্যদের মধ্যে এক জন তাঁহাকে কহিলেন, প্রভু, আমাদিগকে প্রার্থনা করিতে শিক্ষা দিউন,"* লুক ১১:১। আপনিও এই একই প্রার্থনা করুন। প্রার্থনা করা সম্পর্কে বাইবেলের শিক্ষার অন্তর্ভুক্ত আছে প্রশংসা করা, ধন্যবাদ দেওয়া, এবং বিনতি করা। প্রশংসা করা ঈশ্বরের মহিমা করে, সমাদর করে, এবং গৌরব করে, গীতসংহিতা ৩৪:১-৩। *"সর্ব্বসময়ে সদাপ্রভুর ধন্যবাদ করিব তাঁহার প্রশংসা নিরন্তর আমার মুখে থাকিবে।"* ইব্রীয় ১৩:১৫। ধন্যবাদ জ্ঞাপন করা হল তিনি যা কিছু করেছেন সেগুলির জন্য। *"সদাপ্রভুর স্তব করা; হে পরাৎপর, তোমার নামের উদ্দেশে সঙ্গীত করা উত্তম"* গীতসংহিতা ৯২:১। স্বীকার করা হয় আমাদের পাপের কারণে। *"যদি আমরা আপন আপন পাপ স্বীকার করি, তিনি বিশ্বস্ত ও ধার্ম্মিক, সুতরাং আমাদের পাপ সকল মোচন করিবেন, এবং আমাদিগকে সমস্ত অধার্ম্মিকতা হইতে শুচি করিবেন,"* ১ যোহন ১:৯। আপনার বিনতি সকল ঈশ্বরকে জানান, কারণ তিনি আপনাকে চাইতে বলেছেন। *"সর্ব্ববিষয়ে প্রার্থনা ও বিনতি দ্বারা ধন্যবাদ সহকারে তোমাদের যাচ্ঞা সকল ঈশ্বরকে জ্ঞাত কর,"* ফিলিপীয় ৪:৬। আপনার আত্মিক এবং শারীরিক প্রয়োজনগুলি পূর্ণ করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করার বিষয়টি আছে মথি ৬:৯-১৩ পদে প্রভুর প্রার্থনায়। জীবিত ঈশ্বরের সঙ্গে কথা বলার জন্য প্রার্থনা করা হল আপনার বিশেষ সৌভাগ্য এবং সুযোগ। *"ধার্ম্মিকগণের প্রতি সদাপ্রভুর দৃষ্টি আছে, তাহাদের আর্ত্তনাদের প্রতি তাঁহার কর্ণ আছে,"* গীতসংহিতা ৩৪:১৫। *"এজন্য যখন তোমাকে পাওয়া যায়, প্রত্যেক সাধু তোমার কাছে প্রার্থনা করুক,"* গীতসংহিতা ৩২:৬।

**কোথায় আমার প্রার্থনা করা উচিত?** ধর্মীয় ভবন এবং সভায় প্রার্থনা করা ভাল। কিন্তু, যীশু বলেছেন, *"ঈশ্বর আত্মা; আর যাহারা তাঁহার ভজনা করে, তাহাদিগকে আত্মায় ও সত্যে ভজনা করিতে হইবে,"* যোহন ৪:২৪। কার্যকর প্রার্থনা, আপনার শারীরিক অবস্থানের উপরে নির্ভর করে না। যীশু বলেছেন, *"আর তোমরা যখন প্রার্থনা কর, তখন কপটীদের ন্যায় হইও না; কারণ তাহারা সমাজ-গৃহে ও পথের কোণে দাঁড়াইয়া লোক-দেখান প্রার্থনা করিতে ভালবাসে; আমি তোমাদিগকে সত্য বলিতেছি, তাহারা আপনাদের পুরস্কার পাইয়াছে। কিন্তু তুমি যখন প্রার্থনা কর, তখন তোমার অন্তরাগারে প্রবেশ করিও, আর দ্বার রুদ্ধ করিয়া তোমার পিতা, যিনি গোপনে বর্ত্তমান, তাঁহার নিকটে প্রার্থনা করিও; তাহাতে তোমার পিতা, যিনি গোপনে দেখেন, তিনি তোমাকে ফল দিবেন,"* মথি ৬:৫-৬। আপনি কোথায় প্রার্থনা করছেন, সেটির উপরে প্রার্থনার কার্যকর হওয়া নির্ভর করে না। সেটি নির্ভর করে আপনার হৃদয়ের স্থিতির উপরে। জনসাধারণের মধ্যে প্রার্থনা করুন। একান্তে প্রার্থনা করুন।

**আমার কি হাঁটুপাত করে প্রার্থনা করা উচিত?** যীশু, পৌল এবং দানিয়েল তেমনটি করেছিলেন, লুক ২২:৪১, প্রেরিত ২০:৩৬, এবং দানিয়েল ৬:১০। আপনি হাঁটুপাত করে প্রার্থনা করুন। কিন্তু বাইবেলের অন্যান্য ব্যক্তিরা দাঁড়িয়েছিলেন, আকাশের দিকে তাকিয়েছিলেন, তাঁদের হাত উপরের দিকে তুলে ধরেছিলেন, ভূমিতে প্রণিপাত করেছিলেন, এবং দিয়ালের দিকে মুখ করেছিলেন। কেবল মাত্র আপনার হৃদয়ের স্থিতিকে ব্যক্ত করে বলেই আপনার দৈহিক অঙ্গবিন্যাস গুরুত্বপূর্ণ।

**আমার কিভাবে প্রার্থনা করা উচিত?** প্রার্থনা করার বিষয়ে *কি* প্রার্থনা করতে হবে তার থেকে অধিক গুরুত্বপূর্ণ বিষয় হল *কিভাবে* প্রার্থনা করতে হবে। বাইবেল ভিত্তিক প্রার্থনা হল, ঈশ্বরের কাছে আপনার হৃদয় খোলাখুলি ভাবে এবং সৎ ভাবে তুলে ধরা। আপনি যা চাইবেন সেটি দিতে ঈশ্বরকে বাধ্য করবে, এমন কোন বিশেষ শব্দের, শব্দগুচ্ছের, বাক্যের সমন্বয় হয় না। বাইবেলের নির্দেশ এবং দৃষ্টান্তের অন্তর্ভুক্ত আছে এইভাবে প্রার্থনা করা:

কৃতজ্ঞ হৃদয় নিয়ে, ১ থিষলনীকীয় ৫:১৮।

নিষ্ঠা সহকারে, আবৃতি করে নয়, যিশাইয় ২৯:১৩।

অর্থহীন পুনরাবৃত্তির দ্বারা নয়, মথি ৬:৭।

খোলাখুলি ভাবে, সরাসরি, এবং সৎ ভাবে, যিশাইয় ৩৭:১৪-১৭।

ভক্তি সহকারে এবং অধ্যাবসায়ি হয়ে, কলসীয় ৪:২, লুক ১১:৫-১০, ১৮:১-৮।

ক্রমাগত ভাবে, নিরন্তর, ১ থিষলনীকীয় ৫:১৭।

প্রাণপণ সহকারে, রোমীয় ১৫:৩০।

বিশ্বাসীদের সঙ্গে ঐক্য ভাবে, মথি ১৮:১৯-২০, ১ তীমথিয় ২:৮।

সম্পূর্ণ বিশ্বাস সহকারে, যাকোব ১:৬-৭, ইব্রীয় ১১:৬।

ঈশ্বরের ইচ্ছা অনুসারে, যোহন ১৫:৭, ১ যোহন ৫:১৪-১৫।

যীশুর নামে, তাঁর ইচ্ছা অনুসারে, তাঁর প্রতিনিধি রূপে, যোহন ১৪:১৩, ১৫:১৬।

**কিসের জন্য প্রার্থনা করাআমার উচিত?** প্রভুর প্রার্থনায় যীশু তাঁর শিষ্যদের শিক্ষা দিয়েছিলেন তাঁদের দৈনিক শারীরিক এবং আত্মিক প্রয়োজনগুলির জন্য। যোহন ১৭ অধ্যায়ে তাঁর প্রার্থনায় যীশু প্রার্থনা করেছিলেন তাঁর নিজের জন্য, তাঁর শিষ্যদের জন্য, এবং জগতের জন্য। যীশু প্রতিজ্ঞা করেছিলেন যে, পিতার কাছে উৎসর্গ করা তাঁর নামে, তাঁর ইচ্ছা অনুসারে, বিশ্বস্ত প্রার্থনার উত্তর দেওয়া হবে, যোহন ১৫:৭, ১৬, ১৬:২৩, ১ যোহন ৫:১৪-১৫। কিসের জন্য আমাদের প্রার্থনা করা উচিত সেই বিষয়ে বাইবেলের অন্যান্য নির্দেশ এবং দৃষ্টান্তের মধ্যে আছে এইগুলি:

জ্ঞানের জন্য, যাকোব ১:৫, ২ বংশাবলি ১:৭-১২।

আত্মিক উন্নতির জন্য, কলসীয় ১:৯-১২।

যারা আপনার সঙ্গে দুর্ব্যবহার করে তাদের জন্য, লুক ৬:২৮।

আরোগ্য প্রাপ্তি, এটি সম্ভবপর, যাকোব ৫:১৪-১৫; কিন্তু সকলের জন্য নয়, ২ করিন্থীয় ১২:৭-৯।

পরস্পরের জন্য, ইফিষীয় ৬:১৯, যাকোব ৫:১৬।

আপনার সরকারের জন্য, ১ তীমথিয় ২:১-২।

আপনার আহারের জন্য, মথি ৬:১১, মার্ক ৬:৪১, ৮:৬-৭।

খ্রীষ্ট যাদের প্রয়োজন তাদের জন্য, রোমীয় ১০:১।

সুসমাচার প্রচার করার উদ্দেশ্যে শ্রমিকদের জন্য, মথি ৯:৩৭-৩৮।

সুসমাচারের জন্য যেন দরজা খুলে দেওয়া হয় তার জন্য, কলসীয় ৪:৩-৪।

**ঈশ্বর আপনার প্রার্থনা শোনেন এবং উত্তর দেন।** প্রার্থনা সম্পর্কে ঈশ্বরের শর্তাবলী মেনে চলুন আর তিনি আপনার প্রার্থনার উত্তর দেবেন। ঈশ্বরের উত্তর হতে পারে একটি *হ্যাঁ,* একটি *বিলম্বিত হ্যাঁ,* অথবা একটি *না।* আপনি যা চান অথবা ভাবেন, তিনি হয়তো আপনাকে তার থেকেও অধিক দেবেন, ইফিষীয় ৩:২০। ঈশ্বরের বিলম্বিত হাঁ হয়তো আপনাকে সুসজ্জিত করার অথবা তাঁর উত্তরের জন্য অন্যদের সুসজ্জিত করার উদ্দেশ্যে। অথবা তাঁর উত্তর হতে পারে একটি চরম *না।* ঈশ্বরের উপরে এবং তাঁর উত্তরের উপরে সম্পূর্ণ বিশ্বাস রেখে প্রার্থনা করুন।

আপনার উদ্দেশ্য গুরুত্বপূর্ণ। *"যাচ্ঞা করিতেছ, তথাপি ফল পাইতেছ না; কারণ মন্দ ভাবে যাচ্ঞা করিতেছ, যেন আপন আপন সুখাভিলাষে ব্যয় করিতে পার,"* যাকোব ৪:৩।

স্বামীগণ, আপনাদের স্ত্রীর সাথে ভালো ব্যবহার করুন। বাইবেল শেখায় যে একজন স্বামিকে তার স্ত্রীকে সেইরূপ প্রেম করা উচিত যেমন প্রভু খ্রীষ্ট মণ্ডলীকে প্রেম করেন, তাকে স্নেহ করেন, তাকে বোঝেন, এবং জীবনের অনুগ্রহের একজন সমান উত্তরাধিকারিণী রূপে সম্মান করেন, *"যেন তোমাদের প্রার্থনা রুদ্ধ না হয়,"* ১ পিতর ৩:৭।

অন্যদের ক্ষমা করে দিন। ক্ষমাহীন হওয়া আপনার প্রার্থনার বিঘ্ন সৃষ্টি করে। আপনার দ্বারা অন্যদের ক্ষমা করে দেওয়া দেখায় যে, ঈশ্বরের থেকে আপনার কেমন ক্ষমা প্রত্যাশা করা উচিত, মার্ক ১১:২৫, মথি ৫:২৩-২৪, ৬:১২-১৫।

ধার্মিক হন। ঈশ্বরের সম্মুখে আত্মিক দিক থেকে সরল হন, আর তখনই আপনার প্রার্থনা অনেক কিছু সাধন করতে পারবে। *"সরলদের প্রার্থনা তাঁহার সন্তোষজনক,"* হিতোপদেশ ১৫:৮। কিন্তু, *"যে ব্যবস্থা শ্রবণ হইতে আপন কর্ণ ফিরাইয়া লয়, তাহার প্রার্থনাও ঘৃণাস্পদ,"* হিতোপদেশ ২৮:৯। ঈশ্বর আপনাকে সুরক্ষিত রাখেন, প্রস্তুত করেন, এবং সঠিক করেন। আপনার প্রার্থনার উত্তর দিতে অস্বীকার করা এবং বিলম্ব করা আপনার মঙ্গলের জন্য হতে পারে।

ঈশ্বর আপনাকে তখন সুরক্ষিত রাখেন, যখন আপনি জানেন না যে আপনি যেটা চাইছেন সেটি আপনার হানী করতে পারে। আপনার নিজেকে আপনি যতটা জানেন, ঈশ্বর তার থেকে আরও ভাল জানেন। ঈশ্বর কখনো কখনো না বলেন কারণ তিনি আপনার ভবিষ্যৎ জানেন এবং তিনি জানেন যে আপনার জন্য শ্রেষ্ঠ কি। কখনো কখনো উত্তর দিতে বিলম্ব হয় যেন আপনি তাঁর উত্তরের জন্য নিজেকে প্রস্তুত করতে পারেন। কখনো কখনো তাঁর অস্বীকার করা এবং বিলম্ব করা ঘটে আপনার বিশ্বাসকে দৃঢ় করার জন্য। বিশ্বাস এবং কৃতজ্ঞতা সহকারে ঈশ্বরের উত্তর গ্রহণ করুন। ঈশ্বর জানেন যে তিনি কি করছেন। ঈশ্বরের সঙ্গে কথা বলুন। তিনি শুনছেন। প্রার্থনা করুন!

**"সর্ব্ববিষয়ে ধন্যবাদ কর; কারণ খ্রীষ্ট যীশুতে ইহাই তোমাদের উদ্দেশে ঈশ্বরের ইচ্ছা।" ১ থিষলনীকীয় ৫:১৮**

---

*আমি কিভাবে প্রার্থনা করব?* © ২০২৬ এই পুস্তকটি লিখিত হয়েছে তৃতীয় জন ডি মোরিস দ্বারা, এবং প্রকাশিত হয়েছে অ্যাক্টস ওয়ান এইট দ্বারা। আপনি বিনামূল্যে সম্পূর্ণ এই উক্তি সহ, বিষয় বস্তু অপরিবর্তিত রেখে এটি ছাপাতে, অনুলিপি করতে, পোস্ট করতে, ইমেল করতে পারেন। এর প্রথম পৃষ্ঠায় আপনি আপনার পরিচর্যার, অথবা মণ্ডলীর নাম অথবা লোগো যোগ করতে পারেন এবং দ্বিতীয় পৃষ্ঠায় মোটা রেখার উপরে আপনার যোগাযোগ সম্পর্কিত তথ্য প্রদান করতে পারেন। Prayer316 পুস্তকটি লেখা হয়েছে কেবল মাত্র বাইবেলের উপরে ভিত্তি করে। এই পুস্তকটি আছে মানুষদের সাহায্য করার জন্য যেন তাঁরা কেবল মাত্র যীশুর বিশ্বাসী হয়ে না থাকেন কিন্তু আত্মিক ভাবে আরও বৃদ্ধি লাভ করেন। অ্যাক্টস ওয়ান এইটকে আপনি এই ঠিকানায় (যদি পারেন তাহলে ইংরাজি ভাষায়) লিখতে পারেন: *Hello@Mail316.org*। অনুবাদ করা হয়েছে www.ChristianLingua.com. এনাদের দ্বারা। *আমি কিভাবে প্রার্থনা করব?* পুস্তকটি বিনামূল্যে ৪৮টি ভাষায় এখানে পাওয়া যাবে *www.Sacrifice316.org*। ইংরাজি সংস্করণে উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে, দি লকম্যান ফাউন্ডেসনস নিউ অ্যামেরিকান স্ট্যান্ডার্ড বাইবেল ১৯৯৫ থেকে। এই অনুবাদে উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে, পবিত্র বাইবেল, বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া ভার্সন, বেঙ্গলি ও.ভি. থেকে।